গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-১
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০২৩.২৫-৬৯

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)(রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রামে কর্মরত থাকাকালীন সময় তার বিরুদ্ধে গত ১১ মে ২০২৫ তারিখ ঢাকা পোস্টে প্রকাশিত 'বিশ্বব্যাংকের টাকায় দখল করা জায়গায় মার্কেট করছে চসিক, ঘুমে গৃহায়ন' শীর্ষক সংবাদ প্রকাশিত হয়। সে প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সদস্য জনাব এস এম সোহরাব হোসেনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে "পত্রিকার ঘটনা সর্বতোভাবে সত্য মর্মে প্রতীয়মান হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন বেআইনিভাবে উত্তর হালিশহর মৌজায় বিশ্বব্যাংকের অর্থায়নে কমিউনিটি সেন্টার কাম কিচেন মার্কেট একতলার ছাদ নির্মাণ করত: ২য় তলার কাজ শুরু করেছে। তবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুরোধের প্রেক্ষিতে নির্মাণকাজ আপাতত স্থগিত রয়েছে। চট্টগ্রামস্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে রক্ষিত নথি পত্র, উপস্থিত কর্মকর্তাদের বক্তব্য ও সরেজমিনে তদন্তে দেখা যায় যে, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ ভূমি উন্নয়ন, সংস্কার, দখল হস্তান্তর, অবৈধ দখলদার উচ্ছেদ, নির্মাণ কাজে তদারকির চেয়ে ভূমি ব্যবস্থাপনা (জমি হস্তান্তর, নামজারীর অনাপত্তি, বন্ধক অনুমতি ইত্যাদি) কাজ করতে অধিক মাত্রায় আগ্রহী হওয়ায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের তর্কিত এ মূল্যবান সম্পত্তি বেহাত হয়েছে। তিনি সঠিকভাবে দায়িত্ব পালন করেননি মর্মে প্রতীয়মান হয়"। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান ২০/১২/২০২৫ তারিখ কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে ০১/০২/২০২৬ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তা ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মুহাম্মদ মনিরুজ্জামান বক্তব্য পেশ করেন। দাখিলকৃত জবাব পর্যালোচনা এবং শুনানী অন্তে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সেহেতু, জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)(রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম-এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট

নথি, দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে সতর্ক করে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত
০৩/০২/২০২৬
মোঃ নজরুল ইসলাম
সচিব

চলমান পাতা-২

-০২-

নম্বর: ২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০২৩.২৫-৬৯(১০)

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপসচিব (প্রশাসন শাখা-৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯। জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)(রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

১০। অফিস কপি/মাস্টার ফাইল।

০৩/০৩/২০২৬
মোছা: লুৎফুন নাহার নাজীম
উপসচিব
টেলিফোন: ০২২২৩৩৮৯০০৬
ই-মেইল: adminsection1@mohpw.gov.bd

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৬৬৬
তারিখ ঃ- ২৪/২/২৬
গ্রহণকারী ঃ-
অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৩
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০১১৪.২৫.৬৩

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা ও (সাবেক প্রেষণে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে রুজুকৃত ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে সতর্ক করে অব্যাহতি প্রদান প্রসংগে।**

পূর্ব পৃষ্ঠার বর্ণিত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

২২-০২-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
ফোন : ০২২২৩৩৮০৯৯৯
ফ্যাক্স : ০২-৯৫৫৬৬৬৮
ইমেইল : se_est@pwd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের অবগতির জন্য)।
৩। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন-১), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৪। চীপ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম, এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
৬। তত্ত্বাধায়ক, সংস্থাপন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। (বর্ণিত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য)।